সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/১৬৫ তারিখঃ ২৬ আগস্ট, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ৪ (চার) গুণ হারে ষ্টোররেন্ট এর আদেশ সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর বিজ্ঞপ্তি নং-১০/২০২৫ তারিখঃ ২৬/০৮/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পরিচালক (পরিবহন), এর দপ্তর থেকে আমদানিকৃত এলসিএল কন্টেইনারের উপর (খালি কন্টেইনার ব্যতিত) চলমান ৪ (চার) গুণ হারে ষ্টোররেন্ট এর আদেশ (চবক এর বিজ্ঞপ্তি নং-০২/২০২৫, তারিখঃ ২০/০২/২০২৫ইং) সাময়িকভাবে **১ মাসের জন্য (২৩/০৮/২০২৫ইং হতে ২২/০৯/২০২৫ইং পর্যন্ত)** স্থগিত করে সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ১০/২০২৫ তারিখ- ২৬-০৮-২০২৫ ইং।

**বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে কন্টেইনারের কনজেশন পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণের নিমিত্তে আপাতত ০১ (এক) মাসের জন্য আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর (খালি কন্টেইনার ব্যতীত) উপর চলমান ০৪ (চার) গুণ হারে ষ্টোররেন্ট এর আদেশ সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়ে বন্দরের অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হওয়ায় বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্ন রেখে দেশের সকল আমদানি-রপ্তানিকারকগণকে দ্রুত বন্দর সেবা প্রদানের লক্ষ্যে পরিচালক (পরিবহন), চবক এর বিজ্ঞপ্তি নং- ০২/২০২৫, তারিখ- ২০-০২-২০২৫ এর মাধ্যমে Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর ১৬০ ধারা মূলে ১০-০৩-২০২৫ ইং তারিখ হতে চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে (পানগাঁও আইসিটি ব্যতীত) স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপ করা হয়। বিজিএমইএ-সহ বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের অনুরোধের প্রেক্ষিতে উক্ত বিজ্ঞপ্তি মূলে এফসিএল কন্টেইনারের উপর (খালি কন্টেইনার ব্যতীত) আরোপিত পেনালরেন্ট চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে কন্টেইনারের কনজেশন পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণের নিমিত্তে আপাতত ০১ (এক) মাসের জন্য (২৩-০৮-২০২৫ ইং হতে ২২-০৯-২০২৫ ইং পর্যন্ত) সাময়িকভাবে স্থগিত করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আনীত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৮/৮

পরিচালক (পরিবহন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

CamScanner